Department of Education
Chancellor Richard A. Carranza

4 সেপ্টেম্বর, 2020

প্রিয় পরিবারবর্গ,

আমরা যখন শিক্ষা বছরের শুরুর কাছাকাছি যাচ্ছি, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের সকলে একটি উচ্চ-মানসম্পন্ন শিক্ষা প্রদানে নিবিষ্টভাবে মনোনিবেশ করে আছে যেখানে এই হেমন্তে (ফল-এ) আপনার সন্তানের স্বাস্থ্য, নিরাপত্তা, এবং মানসিক মঙ্গল প্রাধান্য পাচ্ছে। এমন এক শিক্ষা যা যেকোনো স্থান থেকে শেখার জন্য উৎকর্ষের নতুন মান তৈরি করে। এমন এক শিক্ষা যা আপনার সন্তানকে-আজ, আগামীকাল, আগামী বছর, এবং তাদের জীবনভর বিকশিত হবার জন্য প্রস্তুত করবে।

আমি আপনাদের অবহিত করতে চাই যে সকল শিক্ষার্থীর জন্য পূর্ণ-দিবস শিক্ষা শুরু হবে সোমবার, 21 সেপ্টেম্বর। এর কিছু দিন আগে, বুধবার, 16 সেপ্টেম্বর থেকে শুরু করে শুক্রবার, 18 সেপ্টেম্বর পর্যন্ত, শিক্ষার্থীদের স্কুলের সাথে পুনঃসংযোগ ঘটাতে সকল শিক্ষার্থী ও পিতামাতারা আংশিক দিনব্যাপী শিক্ষা নির্দেশনামূলক উত্তরণ ও ওরিয়েন্টেশনে অংশগ্রহণ করবে। এই সময়টুকু সকল শিক্ষার্থীকে শিখতে ও সফল হতে প্রস্তুত করবে।

এই চিঠিতে, শিক্ষণ ও শেখা কেমন হবে সেবিষয়ে আমরা হালনাগাদকৃত তথ্য প্রদান করেছি। প্রতিটি শিক্ষার্থীকে প্রতিদিন কীভাবে আমাদের স্কুলগুলো সহায়তা করবে সেবিষয়ে আপনি অতিরিক্ত তথ্য পাবেন—তারা যেভাবেই অংশগ্রহণ করুক না কেন - পুরোপুরি দূর থেকে (রিমোট) কিংবা মিশ্র শিক্ষায় (ব্লেন্ডেড লার্নিং) (এই পদ্ধতিতে তারা সপ্তাহের কিছুদিন স্কুল ভবনগুলোতে শিখবে, এবং সপ্তাহের বাকি দিনগুলোতে দূর থেকে বা রিমোটলি শিখবে)।

উল্লিখিত বিষয়গুলো সম্পর্কে আরো তথ্যের জন্য নিচে দেয়া পরিবারদের জন্য স্কুল পুনরায় খোলা সংক্রান্ত সর্বশেষ তথ্য পড়ুন:

- আপনার সন্তান বাড়িতে কীভাবে শিখবে: সরাসরি আলোচনা ও শেখায় শিক্ষকদের সাথে সম্পৃক্ত হবে, এবং শিক্ষার্থীরা নিজে নিজে বিভিন্ন প্রজেক্ট সম্পন্ন করবে
- আপনার সন্তানের মিশ্র অথবা পুরোপুরি দূর থেকে শিক্ষায় কে শিক্ষকতা করবেন
- আপনার স্কুল কমিউনিটির নিশ্চিত COVID-19 কেইসগুলো সম্পর্কে কীভাবে অবহিত থাকতে হবে

এই চিঠির তথ্য সম্পর্কে আপনার যদি কোনো প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করুন। schools.nyc.gov সাইটে প্রতিটি স্কুলের ওয়েব পেইজে, "স্কুলের যোগাযোগ ও তথ্য (School Contacts and Information)" সেকশনে প্রিন্সিপ্যালের তথ্য পাওয়া যাবে। আমাদের ওয়েবসাইটের ফাইন্ড এ স্কুল (Find a School) ব্যবহার করে: schoolsearch.schools.nyc আপনার সন্তানের স্কুল পেইজটি খুঁজে পাবেন। এবং বরাবরের মতই, স্কুলে পুনরায় ফিরে আসা সংক্রান্ত সকল তথ্য পাওয়া যাবে schools.nyc.gov/returntoschool2020 সাইটে।

আপনি আমাকে বলতে শুনেছেন যে অন্য যেকোনো স্থানের চেয়ে নিউ ইয়র্ক সিটিতে সর্বশ্রেষ্ঠ, দৃঢ়, সবচেয়ে অঙ্গীকারবদ্ধ শিক্ষার্থী, স্টাফ, ও পরিবারবর্গ রয়েছে। প্রতিদিন, সন্দেহাতীতভাবে আপনি তা অব্যাহতভাবে সত্য প্রমাণ করেছেন। আপনার সন্তানকে সুস্থ ও নিরাপদ রাখতে সর্বপ্রকার সাবধানতা গ্রহণে আমি আমাদের অঙ্গীকার সুনিশ্চিত করতে চাই। এবং তারা যেভাবে কিংবা যেখানেই শিখুক না কেন, তাদের প্রাপ্য উচ্চ-মান সম্পন্ন শিক্ষা গ্রহণ নিশ্চিত করতে চাই।

আমি আমাদের সকল শিক্ষার্থী ও শিক্ষকদের তাদের স্কুল কমিউনিটিতে শীঘ্রই ফিরে আসায় স্বাগত জানাতে উদ্দীপ্ত হয়ে আছি!

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন

Department of Education
Chancellor Richard A. Carranza

## পরিবারদের জন্য স্কুল পুনরায় খোলা সংক্রান্ত সর্বশেষ তথ্য: 4 সেপ্টেম্বর, 2020

আসন্ন স্কুল বছরের জন্য আপনাকে প্রস্তুত হতে সহায়তা করার জন্য, এই তথ্য এবং অতিরিক্ত বিবরণ পাওয়া যাবে আমাদের স্কুল পুনরায় খোলার ওয়েবপেইজ schools.nyc.gov/returntoschool2020 -এ।

### আমার সন্তান কীভাবে বাড়িতে শিখবে?

দূর থেকে বাড়িতে সপ্তাহের কিছু দিন কিংবা প্রতিদিন যেভাবেই শিখুক না কেন, শিক্ষার্থীরা দুইটি ভিন্ন উপায়ে দূর থেকে (রিমোট) শিক্ষা নির্দেশনা পাবে: শিক্ষকের সাথে সরাসরি আলোচনা (কখনো এটাকে "যুগপৎ শিক্ষানির্দেশনা বা সিঙ্ক্রোনাস ইন্সট্রাকশন" বলা হয়), এবং স্বনির্ভরভাবে শিক্ষা গ্রহণ (কখনো এটাকে "অযুগপৎ শিক্ষানির্দেশনা বা এসিঙ্ক্রোনাস ইন্সট্রাকশন" বলা হয়), যেটায় অন্তর্ভুক্ত মূল্যায়ন, প্রজেক্ট, অথবা পূর্ব-রেকর্ডকৃত ভিডিও শিক্ষা নির্দেশনা। এর অর্থ কী, সেটার ব্যাখ্যা হচ্ছে:

**সরাসরি আলোচনা বা সম্পৃক্ততার** অর্থ হচ্ছে যে আপনার শিক্ষার্থী তার শিক্ষকের সাথে ভিডিও, ফোন, লাইভ চ্যাট, ভার্চুয়াল অ্যাপ অথবা অন্যান্য ডিজিটাল মাধ্যমে সরাসরি সম্পৃক্ত হবে। শিক্ষক হয়তো পুরো ক্লাসের সাথে, ছোট দলে, অথবা শিক্ষার্থীদের সাথে এককভাবে আলাপচারিতা করতে পারে। এটা গুগল মিট (Google Meet), মাইক্রোসফট টিমস্ (Microsoft Teams), জুম (Zoom), এবং অন্যান্য DOE-অনুমোদিত ভিডিও বা ফোন কনফারেন্স অথবা ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে করা হতে পারে। এতে অন্তর্ভুক্ত:

- শ্রেণীকক্ষের পাঠ্য:
- শিক্ষা নির্দেশনা অথবা শিক্ষা নির্দেশনামূলক কর্মকাণ্ডে এককভাবে অথবা ছোট দলে সরাসরি অফিসের সময়সূচিতে সংযুক্ত হতে পারে;
- সামাজিক ও আবেগজনিত মঙ্গলের কর্মকাণ্ড, যেমন একত্রে গোল হয়ে বসে (সার্কলস্) অথবা সচেতনতার অনুশীলন।
- শিক্ষার্থী ও পরিবারের সাথে তাদের কাজ ও অগ্রগতি সম্পর্কে ভিডিও বা ফোনে মতামত প্রদানমূলক আলোচনা।
- অন্যান্য "সরাসরি আলোচনা বা সম্পৃক্ততার" কর্মকাণ্ড, যেমন, চ্যাট-এর মাধ্যমে, যা পাঠ চলাকালে শিক্ষক যে ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করবেন সেটার মাধ্যমে।

শিক্ষা বছরের শুরু থেকে, আমরা সকল স্কুলগুলোকে তাদের শিক্ষার্থীদের সাথে উদ্দিষ্ট পরিমাণ সময় প্রতিদিন সরাসরি আলোচনা ও শিক্ষা নির্দেশনায় সম্পৃক্ত হতে বলছি:

- 3-K এবং প্রি-K প্রোগ্রামের শিক্ষার্থীবৃন্দ: 30 মিনিট পর্যন্ত
- কিন্ডারগার্টেন থেকে 2 গ্রেডের শিক্ষার্থীবৃন্দ: 65 থেকে 95 মিনিট
- 3-5 গ্রেডের শিক্ষার্থীবৃন্দ: 90 থেকে 110 মিনিট
- 6– 8 গ্রেডের মিডল্ স্কুলের শিক্ষার্থীবৃন্দ: 80 থেকে 100 মিনিট
- 9–12 গ্রেডের হাই স্কুলের শিক্ষার্থীবৃন্দ: 100 থেকে 120 মিনিট

শিক্ষার্থী ও শিক্ষকদের ধীরে ধীরে উত্তরণের সুযোগ দেয়ার জন্য পুরো শিক্ষা বছর জুড়ে সকল গ্রেডের জন্য প্রতি মাসে সরাসরি আলোচনার জন্য নির্ধারিত সময় বৃদ্ধি পাবে। সময়সূচি প্রকাশ করা হবে যেন শিক্ষার্থী ও শিক্ষকগণ শিক্ষা নির্দেশনায় সম্পৃক্ত হবার জন্য পরিকল্পনা করতে পারে।

**স্বনির্ভর শিক্ষার** অর্থ হচ্ছে শিক্ষার্থীরা নিজে নিজে শিক্ষকের দেয়া অ্যাসাইনমেন্ট, প্রজেক্ট, ও উপকরণে কাজ করবে। এতে অন্তর্ভুক্ত হতে পারে:

- পূর্বে ধারণকৃত ভিডিও পাঠ্য অথবা উপস্থাপনাসমূহ
- পূর্ববর্তী দিনগুলোর উপর ভিত্তি করে তৈরি করা কর্মকাণ্ড, অ্যাসাইনমেন্ট অথবা অর্পিত দায়িত্ব বা টাস্কসমূহ
- সহপাঠীদের সাথে একযোগে করা প্রজেক্ট এবং অ্যাসাইনমেন্টসমূহ

- ডিসকাশন বোর্ডসমূহ এবং ইমেইলের মাধ্যমে শিক্ষকদের সাথে আলোচনা, মতামত, অথবা শিক্ষা নির্দেশনা

## আমরা সন্তানকে কে শিক্ষকতা করবেন?

আপনার সন্তান যেখান থেকেই শিখুক না কেন, একজন উচ্চ-মান সম্পন্ন শিক্ষক তাকে শিক্ষা প্রদান করবেন। স্কুল কমিউনিটির সুনির্দিষ্ট চাহিদা অনুযায়ী প্রতিটি স্কুলের শিক্ষা নির্দেশনা একটু ভিন্ন হতে পারে, কিন্তু উল্লিখিতগুলো আপনি সাধারণত প্রত্যাশা করতে পারেন:

## মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিংয়ে শিক্ষারত শিক্ষার্থীদের জন্য

মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং বলতে সপ্তাহের কিছু দিন সশরীরে স্কুলে উপস্থিত হয়ে শিক্ষা নির্দেশনা গ্রহণ করবে, এবং অবশিষ্ট দিনগুলোতে বাড়িতে দূর থেকে শিক্ষা নির্দেশনা গ্রহণ করার সমন্বয়কে বোঝায়।

আপনার সন্তানের হয়তো সশরীরে শিক্ষা (অন-সাইট) এবং দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) জন্য ভিন্ন ভিন্ন শিক্ষক থাকতে পারে। ঐ শিক্ষকগণ একযোগে জোড় অথবা দল হিসেবে কাজ করে একটি অর্থবহ ও সংযুক্ত শিক্ষা অভিজ্ঞতা প্রদান করবে। উদাহরণস্বরূপ, একজন শিক্ষার্থী হয়তো সশরীরে একটি প্রজেক্ট শুরু করতে পারে এবং দূর থেকে বা রিমোটভাবে সেটায় কাজ করায় অব্যাহত থাকবে।

মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং অংশ চলাকালে, আপনার সন্তান নিয়মিতভাবে সেসব শিক্ষার্থীর সাথে ক্লাস করবে যাদের সাথে সশরীরেও তারা ক্লাস করছে।

## পুরোপুরি দূর থেকে শিক্ষারত (রিমোট লার্নিং) শিক্ষার্থীদের জন্য

যেখানে সম্ভব, পুরোপুরি দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) শিক্ষারত শিক্ষার্থীদের তাদের নিজস্ব স্কুলের শিক্ষকগণ শিক্ষা প্রদান করবেন। শিক্ষকগণ নিয়মিতভাবে সুনির্দিষ্ট দিনগুলোতে একই শিক্ষার্থীদের সাথে মিলিত হবেন।

## আপনার স্কুল কমিউনিটির নিশ্চিত COVID-19 কেইসগুলো সম্পর্কে কীভাবে অবহিত থাকতে হবে

আপনার সন্তানের স্কুলে নিশ্চিত COVID-19-এর ঘটনা সংক্রান্ত সতর্কীকরণ সহ, অত্যন্ত গুরুত্বপূর্ণ তথ্য দ্রুত শেয়ার করার জন্য আপনার সাথে আপনার স্কুল যেন যোগাযোগ করতে পারে তা গুরুত্বপূর্ণ। অনুগ্রহ করে NYC স্কুলস অ্যাকাউন্ট (NYCSA)-এ সাইন আপ করুন, যেন আমরা আপনাদের সাথে ফোনে, ইমেইলে, অথবা টেক্সট মেসেজের মাধ্যমে যোগাযোগ করতে পারি। NYCSA-এর মাধ্যমে, আপনি আপনার সন্তানের গ্রেড, পরীক্ষার স্কোর, সময়সূচি, যাতায়াত সংক্রান্ত তথ্য, এবং আরো অনেক কিছু সম্পর্কেও তথ্য পেতেও সহায়তা করবে — যেকোনো স্থান থেকে, এবং DOE-এর প্রমিত নয়টি ভাষায় অনুবাদের মাধ্যমে। আপনার যদি একটি অ্যাকাউন্ট না থেকে থাকে, তাহলে আজই schools.nyc.gov/nycsa সাইটে সাইন আপ করুন। এটা করতে মাত্র পাঁচ মিনিট লাগবে!